# হরমুজ প্রণালির পরিস্থিতি আর আগের মতো হবে না: ইরান



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিকে ঘিরে যুদ্ধের আগে যে পরিস্থিতি ছিল, তা আর ফিরে আসবে না বলে মন্তব্য করেছেন ইরানের পার্লামেন্টের ডেপুটি স্পিকার আলী নিকজাদ।

ইরানের সংবাদমাধ্যম মেহরের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে আল-জাজিরা।

পার্লামেন্টে দেওয়া বক্তব্যে নিকজাদ বলেন, সংঘাতের সময় ইরান সংশ্লিষ্ট পক্ষগুলোকে হরমুজ প্রণালিকে ঘিরে পরিবর্তিত বাস্তবতা সম্পর্কে সতর্ক করেছিল। তবে তারা সেই বার্তা গুরুত্ব দিয়ে নেয়নি।

তার দাবি, সামরিক শক্তি প্রয়োগ করে হরমুজ প্রণালির পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার পথ নেই—এ বিষয়টি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলও বাস্তবতার মাধ্যমে বুঝতে পেরেছে। ফলে মধ্যপ্রাচ্যে তৈরি হওয়া নতুন পরিস্থিতির সঙ্গে তাদের মানিয়ে নিতে হবে।

ইরানের ডেপুটি স্পিকার বলেন, বর্তমান সময়ে তেহরানের সবচেয়ে বড় অগ্রাধিকার দেশের অর্থনৈতিক সমস্যাগুলো মোকাবিলা করা এবং অর্থনীতির ওপর চাপ কমানো।